গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

## নোটিশ

আগামী ২৬.০৭.২০২৩ তারিখ দুপুর ১২.১৫ টায় উপজেলা নৈতিকতা কমিটির জুলাই ২০২৩ মাসের সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বিরামপুরে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়সমূহঃ
(১) উপজেলা কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ।
(২) পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ।
(৩) কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ এবং
(৪) উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

২৪/০৭/২৩
মুরাদ হোসেন
উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ)
ও
সহকারী কমিশনার (ভূমি)
এবং
সভাপতি
উপজেলা নৈতিকতা কমিটি
বিরামপুর, দিনাজপুর।
ফোনঃ ০৫৩২২-৫৬৪০১
ইমেইলঃ unobirampur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭১০.০০০.০২.০৫৯.২৩- ৮৩৪৭

তারিখঃ ২৪.০৭.২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০২। উপজেলা ........................................................কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।

২৪.০৭.২৩
পাপিয়া নাছরীন
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা নৈতিকতা কমিটি
বিরামপুর, দিনাজপুর।

2023.11.14 16:23
CamScanner

## জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে বিরামপুর উপজেলার নৈতিকতা কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | | | |
|---|---|---|---|---|
| **সভাপতিঃ** | মুরাদ হোসেন<br>উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ)<br>বিরামপুর, দিনাজপুর | **তারিখ**<br>**সময়**<br>**স্থান** | :<br>:<br>: | ২৬.০৭.২০২৩ খ্রি.<br>দুপুর ১২.১৫ ঘটিকা<br>উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |

**উপস্থিত ও অনুপস্থিতির তালিকা: পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।**

সভার প্রারম্ভেই সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নে দিক নির্দেশনা প্রদান, শুদ্ধাচার অনুশীলন পর্যালোচনা ও পরিবীক্ষণের লক্ষ্যে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। সুতরাং এ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকলকে তৎপর হওয়ার জন্য এবং সকল দপ্তরকে সকল ক্ষেত্রে শুদ্ধাচার প্রয়োগ করার জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুরোধ করেন। এর পর এজেন্ডাভিত্তিক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নৈতিকতা কমিটির সভা | সরকার কর্তৃক ২০১২ সালে অনুমোদিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ সমূহের ন্যায় বিরামপুর উপজেলায়ও নৈতিকতা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের ব্যাপারে আলোচনা করা হয়। | বিরামপুর উপজেলায় নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারে একটি করে অনুষ্ঠান করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর |
| ০২ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা | সুশাসন প্রতিষ্ঠায় বিরামপুর উপজেলায় এপ্রিল ২০২৩ হতে জুন ২০২৩ পর্যন্ত উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভা ৩টি, উপজেলা চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স সভা ৩টি, উপজেলা পরিষদ সমন্বয় সভা ৩টি অনুষ্ঠিত হয়েছে বলে আলোচনা করা হয় | অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠান অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর |
| ০৩ | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ | কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করার ব্যাপারে সকলে একমত পোষণ করেন। | কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর |
| ০৪ | শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/ বিধি/ নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/ পরিপত্রের বাস্তবায়ন | ৪.১ শুদ্ধাচার প্রতিষ্ঠায় সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়।<br>৪.২ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ বাস্তবায়ন করার ব্যাপারে আলোচনা করা হয়। | শুদ্ধাচার প্রতিষ্ঠায় সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ বাস্তবায়ন করতে হবে।<br>সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর<br>২। অফিস প্রধান (সকল দপ্তর) |
| ০৫ | ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ | স্ব স্ব তথ্য বাতায়নে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ দৃশ্যমান করা, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করা করার ব্যাপারে সকল দপ্তরকে তাগিদ প্রদান করা হয়। | সকল দপ্তর তাদের স্ব স্ব তথ্য বাতায়নে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ দৃশ্যমানের ব্যবস্থা গ্রহণ করবে। সকল দপ্তরকে স্ব স্ব তথ্য বাতায়নে শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর<br>২। অফিস প্রধান (সকল দপ্তর), বিরামপুর<br>৩। সহকারী প্রোগ্রামার, বিরামপুর |
| ০৬ | সেবা প্রদানের ক্ষেত্রে শুদ্ধাচার | সেবা সংক্রান্ত অভিযোগ গ্রহণের নিমিত্ত দৃশ্যমান স্থানে অভিযোগ বক্স স্থাপনের ব্যাপারে আলোচনা করা হয়। সেবা প্রদান অব্যাহত রাখার জন্য হেল্প ডেস্ক/ ইনফরমেশন ডেস্ক/ অন স্টপ সার্ভিস ডেস্ক স্থাপনের ব্যাপারে আলোচনা করা হয়। এছাড়া সেবা প্রার্থীদের জন্য বিশ্রামস্থল/অপেক্ষা কক্ষ/ বসার স্থান নির্মাণের ব্যাপারে আলোচনা করা হয়। | সেবা সংক্রান্ত অভিযোগ গ্রহণের নিমিত্ত দৃশ্যমান স্থানে অভিযোগ বক্স রাখতে হবে। সেবা প্রদান অব্যাহত রাখার জন্য হেল্প ডেস্ক/ ইনফরমেশন ডেস্ক/ অন স্টপ সার্ভিস ডেস্ক স্থাপন বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। সেবা প্রার্থীদের | ১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর |

2023.11.14 16:23

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | জন্য বিশ্রামস্থল/ অপেক্ষা কক্ষ/ বসার স্থান নির্মাণ করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৭/২৩

মুরাদ হোসেন
উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ)
ও
সহকারী কমিশনার (ভূমি)
এবং
সভাপতি
উপজেলা নৈতিকতা কমিটি
বিরামপুর, দিনাজপুর।
ফোনঃ ০৫৩২২-৫৬৪০১
ইমেইলঃ unobirampur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭১০.০০০.০২.০৫৯.২৩- ১০৬০ তারিখঃ ২৬.০৭.২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০২। উপজেলা ............................................ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।

২৬.০৭.২৩

পাপিয়া নাছরীন
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা নৈতিকতা কমিটি
বিরামপুর, দিনাজপুর।

2023.11.14 16:24
CamScanner